



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নং-১১৫৩/ক/অন:/২০২৪/৩২৬৮

তারিখ: ০৬/০৬/২০২৪

বিষয় : ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর ১৪/০৩/২০২৪ তারিখে মঞ্জুরী কমিটির ৫ম সভার পা-১৭ নং সিদ্ধান্ত এবং পরবর্তী বোর্ড সভার অনুমোদনের প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন “ইম্পো এ্যাঞ্জেলস্ স্কুল এন্ড কলেজ” এ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ হতে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এ অনুমতির মেয়াদ ৩ (তিন) বছর কার্যকর থাকবে এবং এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

### শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

### বিষয়সমূহ :

আবশ্যিক :	১। বাংলা ২। ইংরেজি ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
মানবিক :	১। পৌরনীতি ও সুশাসন ২। সমাজকর্ম ৩। অর্থনীতি ৪। ইসলাম শিক্ষা
ব্যবসায় শিক্ষা :	১। হিসাববিজ্ঞান ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা ৪। কৃষি শিক্ষা
বিজ্ঞান :	১। পদার্থ ২। রসায়ন ৩। জীববিজ্ঞান ৪। উচ্চতর গণিত

### শর্তসমূহ:

- ১। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়া কৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- ২। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের, (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬। সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৭। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;

(অপর পাতায় দৃষ্টব্য.....২)



- ৮। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;
- ৯। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ১০। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ১১। স্কুলের EIIN NO উল্লেখ পূর্বক অতিসত্ত্বর কলেজ কোড নম্বর সংগ্রহের জন্য বোর্ডে আবেদন করতে হবে।
- ১২। কলেজের আসন সংখ্যা- মানবিক শাখায় ১০০ জন, ব্যবসায় শিক্ষা শাখায় ১০০ জন, বিজ্ঞান শাখায় ১০০ জন, শিফট: দিবা, ভাষন: বাংলা, সহশিক্ষা।
- ১৩। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ (সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- ১৪। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঁঞা  
কলেজ পরিদর্শক (অতি. দা.) ও  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ০২-৫৮৬১২৪৭৬  
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

ইম্পো এ্যাঞ্জেলস্ স্কুল এন্ড কলেজ ( EMPO ANGELS SCHOOL & COLLEGE)

উপজেলা- সদর, জেলা-গাজীপুর।

মেমো নং- ৯২৬৮ (৮)

তারিখ: ০৬/০৬/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। সভাপতি, ম্যানেজিং/গভর্নিং বডি, ইম্পো এ্যাঞ্জেলস্ স্কুল এন্ড কলেজ, সদর, গাজীপুর।
- ৯। অফিস কপি।



কলেজ পরিদর্শক (অতি. দা.) ও  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

